# জাতীয় পার্টির মহাসচিব পদে পরিবর্তন, চুন্নুকে সরিয়ে শামীম হায়দার



সংগৃহীত ছবি

জাতীয় পার্টির মহাসচিব পদে বড় ধরনের পরিবর্তন এসেছে। দলের চেয়ারম্যান গোলাম মোহাম্মদ (জি এম) কাদেরের সিদ্ধান্ত অনুযায়ী, বর্তমান মহাসচিব মুজিবুল হক চুন্নুকে অব্যাহতি দিয়ে নতুন মহাসচিব হিসেবে নিয়োগ পেয়েছেন গাইবান্ধা-১ আসনের সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী।

সোমবার (৭ জুলাই) বিকেলে দলটির দফতর সম্পাদক মাহমুদ আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দলীয় গঠনতন্ত্র অনুযায়ী চেয়ারম্যানের ক্ষমতাবলে চুন্নুকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে এবং শূন্য পদে শামীম হায়দার পাটোয়ারীকে মহাসচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী এর আগে জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও অতিরিক্ত মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

অন্যদিকে, সম্প্রতি দলের অভ্যন্তরীণ নানা বিষয় নিয়ে আলোচনা চলছিল। গত ২৮ জুন জাতীয় পার্টির একটি বৈঠকে কেন্দ্রীয় সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হলেও পরবর্তীতে দলীয় চেয়ারম্যান জি এম কাদের সেটি স্থগিত করেন।

LENS ASIA